

## অনুভূতি

দেবত্র ভট্টাচার্য্য

শহরের পিচ গলা রাস্তায়,  
নিজেকে বড় একা মনে হয়।  
খুঁজে পাইনা গন্তব্যের দিক  
মনে হয় সব কিছু-ই আজ শূন্য  
একদিকে বারুদের ঘ্রাণ,  
অন্যদিকে ব্যস্ত শহরের গাড়ির ধোঁয়া।  
হ-য-ব-র-ল পরিস্থিতি-ই তখন সারা দেয়,  
নিরুন্ম আকাশের খোলা চাঁদ যেন পূর্ণিমার  
ঝলসানো রংটির আকার ধারণ করে।  
আমার শহর আজ বাঁচতে চাইছে খোলা আকাশের দিকে,  
একমুঠো স্বপ্নের আশায় এ শহরের ব্যস্ত  
প্রতিকূলতা মানবমনে আশার আলোর বার্তা বহন করে।  
এ ব্যস্ত শহর সংস্কৃতির পরিপূরক ও বটে,  
বাউলের সুকোমল সুর প্রকৃতির একগুচ্ছ  
মধুমালা।  
আর বসন্তে কোকিলের কুহু ডাক ব্যস্ত শহরের  
মেল বন্ধন,  
অনেক আকাঙ্ক্ষার জিজ্ঞাসা নিয়ে ব্যস্ত শহরকে  
খোলা চিঠি প্রদান করছি,  
এ আশায় যেন বাঁচতে পারে ব্যস্ত শহরের সব  
অনুভূতির মেলবন্ধন।